পরিচ্ছন্ন কর্মিদের মাঝে পিপিই ও ঈদ উপহার সামগ্রী দিলেন যুবদল সভাপতি

করোনা ভাইরাস সংক্রামন থেকে সুরক্ষায় পরিচ্ছন্নতা কর্মীদের মাঝে পার্সোনাল প্রটেক্টিভ ইকুয়িপমেন্ট ( পিপিই) ও ঈদ উপহার সামগ্রী বিতরণ করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের সভাপতি সাইফুল আলম নীরব ।

বুধবার (২০ মে) ঢাকা-১২ নং আসনের ২৪নং ওয়ার্ডের কুনিপাড়া ও বিভিন্ন মহল্লার পরিচ্ছন্নতা কর্মীদের মাঝে পিপিই ও ঈদ উপহার সামগ্রী তুলে দেন যুবদলের নেতা কর্মীরা । ঈদ উপহার সামগ্রীর মধ্যে রয়েছে, চাল, ডাল, আলু,পেয়াজ, তেল, সেমাই, দুধ ও লবণ ।

এ সময় উপস্থিত ছিলেন তেজগাঁও শিল্পাঞ্চল থানা যুবদল সভাপতি মোঃ সোলায়মান, ঢাকা মহানগর উত্তর ছাত্রদল সহ-সভাপতি ও তেজগাঁও শিল্পাঞ্চল থানা যুবদল সাধারণ সম্পাদক মোহাম্মদ মনিরুজ্জামান মনির, সিনিয়র সহ-সভাপতি মোঃ খন্দকার আজাদ, যুগ্ম সাধারণ সম্পাদক কামাল হোসেন, ২৫ নং ওয়ার্ড যুবদল সভাপতি আশরাফুল আলম আকাশ, সাধারণ সম্পাদক মাহমুদুর রহমান টিটু, ২৪ নং ওয়ার্ড যুবদল সাধারণ সম্পাদক মোঃ নজরুল ইসলাম রিপন, তেজগাঁও শিল্পাঞ্চল থানা ছাত্রদলের বাসেত সরকার বাছির প্রমুখ।

বিতরণ কালে ঢাকা পলিটেকনিক ক্যাম্পাস শাখা ছাত্রদলের সাবেক সভাপতি আমিনুল ইসলাম সিকদার বলেন, তিনবারের সাবেক প্রধানমন্ত্রী বিএনপির চেয়ারপার্সন দেশনেত্রী বেগম খালেদা জিয়া ও বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান জনাব তারেক রহমানের নির্দেশনায় ঢাকা -১২ আসনের গণমানুষের নেতা জাতীয়তাবাদী যুবদলের সভাপতি সাইফুল আলম নীরব ভাই বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসে কর্মহীন দুঃস্থ ও অসহায় মানুষের পাশে রয়েছেন । তিনি আরো বলেন, বিএনপির রাজনীতির প্রধান লক্ষ্য দেশগঠন ও জনগণের সেবা। নানা প্রতিকূলতার মধ্যেও সেই আদর্শ থেকে বিএনপি সরে আসেনি ।